

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা ম্যাজিস্ট্রেট  
ও  
রিটার্নিং অফিসারের কার্যালয়, মানিকগঞ্জ  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন  
[www.manikganj.gov.bd](http://www.manikganj.gov.bd)

অতীব জরুরি  
জাতীয় সংসদ নির্বাচন  
অগ্রাধিকার

স্মারক নম্বর: ০৫.৩০.৫৬০০.৪০২.০৩.০০৪.২৩-০৭

১৮ পৌষ ১৪৩০  
তারিখ: -----

০২ জানুয়ারি ২০২৪

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে, আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশন সচিবালয়ের ২৪ ডিসেম্বর ২০২৩ তারিখের ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৮.২৩-৮৩০ নম্বর স্মারকের নির্দেশনা ও সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের ৩৫.০০.০০০০.০২০.০০৯.০২৭.২১-৮৭৪ নং প্রজ্ঞাপন এবং সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৩২ ধারা অনুযায়ী অর্পিত ক্ষমতাবলে উল্লিখিত তারিখে অনুষ্ঠিতব্য নির্বাচন উপলক্ষ্যে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ আগামী ০৬ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা জারি করা হলো:

০১। ট্যাক্সি ক্যাব	০২। পিক আপ	০৩। মাইক্রোবাস	০৪। ট্রাক
--------------------	------------	----------------	-----------

একই সাথে ০৫ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত রাত ১২:০০ টা হতে ০৮ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ০৬:০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

উল্লিখিত নিষেধাজ্ঞা নিম্নবর্ণিত ক্ষেত্রে শিথিলযোগ্য হবে:

- আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সশস্ত্র বাহিনী, প্রশাসন ও অনুমতিপ্রাপ্ত পর্যবেক্ষক।
- জরুরী সেবা কাজে নিয়োজিত যানবাহন এবং ঔষধ, স্বাস্থ্য-চিকিৎসা ও অনুরূপ কাজে ব্যবহৃত দ্রব্যাদি ও সংবাদপত্র বহনকারী সকল ধরনের যানবাহন।
- আত্মীয়-স্বজনের জন্য বিমানবন্দরে যাওয়া, বিমানবন্দর হতে যাত্রী বা আত্মীয়-স্বজনসহ নিজ বাসস্থানে অথবা আত্মীয়-স্বজনের বাসায় ফিরে যাওয়ার জন্য ব্যবহৃত যানবাহন (টিকেট বা অনুরূপ প্রমাণ প্রদর্শন সাপেক্ষে) এবং দূরপাল্লার যাত্রী বহনকারী অথবা দূরপাল্লার যাত্রী হিসেবে স্থানীয় পর্যায়ে যাতায়াতের জন্য যে কোন যানবাহন।
- রিটার্নিং অফিসারের অনুমোদন সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর জন্য ০১ (এক) টি, প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনি এজেন্ট (যথাযথ নিয়োগপত্র/ পরিচয়পত্র থাকা সাপেক্ষে) এর জন্য ০১ (এক) টি গাড়ি (জীপ, কার, মাইক্রোবাস ইত্যাদি ছোট আকৃতির যানবাহন)
- রিটার্নিং অফিসারের অনুমোদন সাপেক্ষে সাংবাদিক, পর্যবেক্ষক অথবা জরুরি কোন কাজে ব্যবহৃত মোটর সাইকেল।
- নির্বাচন কমিশনের অনুমোদন সাপেক্ষে নির্বাচনি কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারি অথবা অন্য কোন ব্যক্তির ব্যবহৃত মোটর সাইকেল।
- জাতীয় মহাসড়ক (Highways) বন্দর ছাড়াও আন্তঃজেলা বা মহানগর থেকে বাহির বা প্রবেশের জন্য গুরুত্বপূর্ণ সড়ক, মহাসড়ক ও প্রধান প্রধান রাস্তার সংযোগ সড়ক বা উক্তরূপ সকল রাস্তা।

এছাড়াও, স্থানীয় প্রয়োজনীয়তা ও বাস্তবতার নিরীখে নিম্নস্বাক্ষরকারী আরও কতিপয় যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ অথবা নিষেধাজ্ঞা শিথিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(রেহেনা আকতার)

জেলা ম্যাজিস্ট্রেট, মানিকগঞ্জ

ও

রিটার্নিং অফিসার

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

ফোন: ০২-৯৯৬৬১০৩৯৫


[dcmanikganj@mopa.gov.bd](mailto:dcmanikganj@mopa.gov.bd)

স্মারক নম্বর: ০৫.৩০.৫৬০০.৪০২.০৩.০০৪.২৩-০৭

১৮ পৌষ ১৪৩০  
তারিখ: -----  
০২ জানুয়ারি ২০২৪

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার, ঢাকা।
- ৫। পুলিশ সুপার, মানিকগঞ্জ।
- ৬। অধিনায়ক, ০৫ বিজিবি, ঢাকা ব্যাটালিয়ন।
- ৭। উপপরিচালক, স্থানীয় সরকার, মানিকগঞ্জ।
- ৮। অতিরিক্ত জেলা প্রশাসক (বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/ সার্বিক/ রাজস্ব/ শিক্ষা ও আইসিটি/ উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), মানিকগঞ্জ।
- ৯। কোম্পানী কমান্ডার, সিপিসি-০৩ র‍্যাব-০৪, মানিকগঞ্জ।
- ১০। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার (সকল), মানিকগঞ্জ (সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় দৃশ্যমান স্থানে এবং অফিসের নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধসহ)।
- ১১। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ডিডিপি, মানিকগঞ্জ।
- ১২। জেলা নির্বাচন অফিসার, মানিকগঞ্জ।
- ১৩। উপপরিচালক, এনএসআই, মানিকগঞ্জ।
- ১৪। উপপরিচালক, শাখা ডিজিএফআই, সান্ডার সেনানিবাস।
- ১৫। নেজারত ডেপুটি কালেক্টর, মানিকগঞ্জ।
- ১৬। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ (গণবিজ্ঞপ্তি অফিসিয়াল ওয়েবসাইট ও ফেইসবুক পেইজে প্রচারের জন্য অনুরোধসহ)।
- ১৭। জেলা তথ্য অফিসার, মানিকগঞ্জ (গণবিজ্ঞপ্তি বহল প্রচারের জন্য অনুরোধসহ)।
- ১৮। সহকারী পরিচালক, বিআরটিএ, মানিকগঞ্জ সার্কেল।
- ১৯। অফিসার ইনচার্জ (সকল) থানা, মানিকগঞ্জ।
- ২০। উপজেলা নির্বাচন অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, সদর, ১৬৯, মানিকগঞ্জ-২ (সদর উপজেলার পুটাইল, ভাড়ারিয়া ও হাটিপাড়া ইউপি) (সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় দৃশ্যমান স্থানে এবং অফিসের নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধসহ)।
- ২১। উপজেলা নির্বাচন অফিসার (সকল), মানিকগঞ্জ।
- ২২। সভাপতি/ সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, মানিকগঞ্জ।
- ২৩। অফিস কপি।

  
০২/০২  
২০২৪  
জেলা ম্যাজিস্ট্রেট, মানিকগঞ্জ  
ও  
রিটার্নিং অফিসার  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন  
